



## বাংলাদেশ

# ওয়াসার দায়িত্ব দুই মেয়রকে দিতে বললেন আনিসুল হক

নিজস্ব প্রতিবেদক



আনিসুল হক

ওয়াসার দায়িত্ব ঢাকার দুই মেয়রকে দিয়ে দেওয়ার আহ্বান জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। তিনি বলেন, ঢাকা ওয়াসার বেশ কিছু দায়িত্ব পুরোপুরি মেয়রকে দিয়ে দেওয়া উচিত, নতুবা ওয়াসার দায়িত্বই দুই মেয়রকে দিয়ে দেন। তাহলে দুই বছরের মধ্যে ঢাকায় কোনো জলাবদ্ধতা থাকবে না।

আজ বুধবার দুপুরে বাংলাদেশ ইউনিভার্সিটির আরবান ল্যাব আয়োজিত ‘ঢাকা টুমোরো’ শীর্ষক এক অনুষ্ঠানে মেয়র এ কথা বলেন।

ঢাকার জলজটের কারণে হিসেবে আনিসুল হক ভরাট হয়ে যাওয়া খালগুলো অনেকাংশে দায়ী বলে উল্লেখ করেন। তিনি বলেন, কিন্তু খাল বিষয়ে মেয়র কিছু করতে পারে না। ওয়াসা ও ডিএনসিসি একে অপরকে নিজেদের দায়িত্ব নয় বলার অভ্যাস আছে।

আজকের এ অনুষ্ঠানে আরবান ল্যাব পরিচালিত তিনটি গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হয়। একটি প্রতিবেদনে দেখা যায়, মোহাম্মদপুর বাসস্ট্যান্ড থেকে বহিলা পর্যন্ত নতুন রাস্তা হওয়ায় প্রতি বছর আর্থিক সাশ্রয় হবে প্রায় ১০০ কোটি টাকা। এই হিসেবটি যানবাহনের জ্বালানি সাশ্রয় এবং যানজটের কারণে মানুষের যে কর্মঘণ্টা নষ্ট হতো সেই হিসেবে করা হয়েছে।

আরেক গবেষণায় দেখা যায়, রাজধানীর নয়টি জায়গাকে পার্কিং মুক্ত করায় বছরে আর্থিক সাশ্রয় হবে ১ হাজার

কোটি টাকার ওপরে। এই গবেষণা বিষয়ে মেয়র আনিসুল হক বলেন, এ গবেষণা যাঁরা করেছেন তাঁরা আমাদের চোখ খুলে দিয়েছেন। নয়টি জায়গা পার্কিং মুক্ত করায় ১ হাজার কোটির সাশ্রয় হবে এটা আমাদের ভাবনাতেও ছিল না। তাহলে পুরো ঢাকা শহরের যানজটে কত লাখ লাখ টাকা নষ্ট হচ্ছে।

অনুষ্ঠানে স্থানীয় সাংসদ জাহাঙ্গীর কবির নানক, আরবান ল্যাবের সমন্বয়ক স্থপতি ইকবাল হাবিব, বাংলাদেশ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান কাজী জামিল আজহার প্রমুখ উপস্থিত ছিলেন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো